তারিখ 29 SEP 1984
পৃষ্ঠা... ৩ ...কলাম ... ৩

দৈনিক ইত্তেফাক

096

# বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিবর্তনের দায়িত্ব মঞ্জুরী কমিশনকে প্রদানের প্রতিবাদ

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৭৩-এর পরিবর্তনের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমি-

(২য় পৃঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ

(১ম পৃঃ পর)

শনকে দায়িত্ব দেওয়ায় প্রতিবাদ জানাইয়াছে।

গতকাল (বৃহস্পতিবার) শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রফেসর মসিহুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় গৃহীত প্রস্তাবে উক্ত প্রতিবাদ জানাইয়া বলা হয়, দেশের উচ্চ শিক্ষার স্বার্থে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৭৩-এর পরিবর্তন-পরিবর্ধন করিতে হইলে তাহা অবশ্যই শিক্ষক সমিতি ফেডারেশনের সহিত আলোচনাক্রমে করিতে হইবে। অন্যথায় কোন ধরনের পদক্ষেপ গ্রহণযোগ্য হইবে না। প্রস্তাবে যে সব বিশ্ববিদ্যালয়ে এখনও গণতান্ত্রিক অধ্যাদেশ বাস্তবায়িত হয় নাই, অনতিবিলম্বে তাহা বাস্তবায়নের দাবী জানানো হয়।

সভায় এক প্রস্তাবে বলা হয়, সম্প্রতি বিদেশ গমনের ক্ষেত্রে প্রেসিডেন্টের পূর্ব অনুমোদনের যে শর্ত দেওয়া হইয়াছে, তাহা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য নহে। প্রস্তাবে এ-ব্যাপারে ভাইস-চ্যান্সেলরদের প্রদত্ত ক্ষমতা কার্যকর রাখার আহ্বান জানানো হয়।